প্রথম আলো

তারিখ 22 OCT 2017
পৃষ্ঠা 2 কলাম 7

## প্রশ্ন ফাঁস, ছাত্রলীগ নেতাসহ আটক ১৫

# ডিনের প্রতিবাদ ও প্রতিবেদকের বক্তব্য

গত শুক্রবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁসসংক্রান্ত বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়েছেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) সাদেকা হালিম। তাতে তিনি বলেন, পরীক্ষা অনুষ্ঠানের আগের রাতেই প্রশ্নপত্র বা এর একাংশ ফাঁস হয়েছে—এই দাবি অসত্য। তাঁর দাবি, যে প্রক্রিয়ায় প্রশ্ন প্রণয়ন ও মুদ্রণ হয়, তা এতটাই গোপনীয়তার মধ্যে করা হয় যে তাতে ফাঁসের কোনো সুযোগ নেই।

কোনো কোনো গণমাধ্যমের দাবি অনুযায়ী, আগের রাতে তাদের কাছে ফাঁস হওয়া প্রশ্নপত্র পৌঁছে থাকলেও তারা সে বিষয়ে প্রশাসনকে অবহিত না করে পরীক্ষা শেষ হওয়ার কয়েক ঘণ্টা পর তা সংবাদ আকারে প্রকাশ করেছে। এভাবে সংবাদ প্রকাশ করায় আমরা বিস্মিত ও উদ্বিগ্ন হয়েছি।

**প্রতিবেদকের বক্তব্য:** পরীক্ষা অনুষ্ঠানের আগের রাতেই যে 'ঘ' ইউনিটের ইংরেজি অংশের ২৪টি প্রশ্ন ফাঁস হয়েছে, সেটা আদৌ ঠিক কি না, তা নিশ্চিত হতে পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হয়েছে। যে প্রশ্নে পরীক্ষা নেওয়া হয়েছে, সেটার সঙ্গে রাতে পাওয়া প্রশ্নের হুবহু মিল পাওয়া যায়। এরপরই প্রতিবেদন প্রকাশ করা হয়। এ ছাড়া পরীক্ষার আগের রাতে সিআইডি যে দুজনকে গ্রেপ্তার করে তাঁদের একজন আবদুল্লাহ আল মামুনও স্বীকার করেছেন, একুশে হলের একজন তাঁকে প্রশ্ন সরবরাহ করতেন। মামুন সেটা বিক্রির জন্য পরীক্ষার্থী সংগ্রহ করতেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে